গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, ঢাকা

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, ঢাকা সড়ক সার্কেল, ঢাকা এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩- জুন ৩০, ২০২৪

সূচিপত্র

সড়ক বিভাগ, ঢাকা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: সড়ক বিভাগ, ঢাকা এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দ সংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর বা সংস্থার উপর নির্ভরশীলতা

সড়ক বিভাগ, ঢাকা এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Road Division, Dhaka)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

সড়ক ও জনপথ অধিদপ্তর মানসম্পন্ন, নিরাপদ ও টেকসই মহাসড়ক এবং সংশ্লিষ্ট অবকাঠামো বিনির্মাণ ও রক্ষণাবেক্ষণের লক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। গত তিন অর্থ বছরে ঢাকা সড়ক বিভাগ কর্তৃক উন্নয়নমূলক প্রকল্পের আওতায় নিম্নবর্নিত ০৪(চার) টি প্রকল্প সমাপ্ত করা হয়।

১. হেমায়েতপুর-সিংগাইর-মানিকগঞ্জ আঞ্চলিক মহাসড়ক (আর-৫০৪) যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ
২. জিঞ্জিরা-কেরাণীগঞ্জ-নবাবগঞ্জ-দোহার-শ্রীনগর মহাসড়ক উন্নয়ন (কদমতলী থেকে জনি টাওয়ার লিংকসহ) (আর-৮২০) শীর্ষক প্রকল্প
৩. জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ (ঢাকা জোন)
৪. আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (ঢাকা জোন)

চলমান প্রকল্পগুলোর মধ্যে আছে বিভিন্ন সড়ক বিভাগের যাত্রাবাড়ী (মেয়র হানিফ ফ্লাইওভার)-ডেমরা (সুলতানা কামাল সেতু) মহাসড়ক (আর-১১০) ৪-লেনে উন্নীত করণ প্রকল্প, ঢাকা (মিরপুর)-উথুলী-পাটুরিয়া জাতীয় মহাসড়ক (এন-৫) এর নবীনগর হতে নয়ারহাট ও পাটুরিয়া ঘাট এলাকা প্রশস্তকরণসহ আমিনবাজার হতে পাটুরিয়া ঘাট পর্যন্ত বিভিন্ন বাস ষ্ট্যান্ড এলাকা ডেডিকেটেড লেনসহ সার্ভিস লেন ও বাস-বে নির্মাণ প্রকল্প, ঢাকা-আরিচা মহাসড়কের আমিন বাজার, সালেহপুর ও নয়ারহাট নামক স্থানে ৩টি সেতু নির্মাণ, ঝুকিপূর্ণ সেতু পুন:নির্মাণ প্রকল্প।

এ ছাড়াও অন্যান্য জাতীয়, আঞ্চলিক এবং জেলা মহাসড়ক মিলিয়ে গত এক বছরে সর্বমোট (উন্নয়ন ও অনুন্নয়ন খাতে) ১২.০০ কিলোমিটার মহাসড়কের সার্ফেসিং, ৩.০০ কিলোমিটার মহাসড়ক পুনঃনির্মাণ, ১২.০০ কিলোমিটার সড়ক প্রশস্তকরন, ৩.০০ কিলোমিটার সড়ক মজবুতিকরন, ১০.০০ কিলোমিটার এসবিএসটি সহ বিভিন্ন সড়কাংশে রিজিড পেভমেন্ট নির্মাণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

মানিকগঞ্জ সড়ক বিভাগের আওতাধীন বিভিন্ন উন্নয়ন/অনুন্নয়ন প্রকল্প সমুহের ভুমি অধিগ্রহণের মামলা মোকদ্দমার কারণে কখনও কখনও প্রকল্পের কাজ সমাপনে বিলম্ব ঘটে। এছাড়া সড়ক সম্প্রসারনের ক্ষেত্রে সড়ক সোল্ডারে বিদ্যমান গাছ এবং বৈদ্যুতিক খুঁটি ও ক্যাবল অপসারণে দীর্ঘসূত্রিতার কারণে প্রকল্পের কাজ সমাপনে বিলম্ব ঘটে। তাছাড়া ক্ষেত্রবিশেষে দেশীয় নির্মাতা প্রতিষ্ঠানের দক্ষতা, দায়িত্বশীলতা ও আন্তরিকতার ঘাটতি প্রকল্প কাজের গুণগতমান ও স্থায়িত্বের প্রত্যাশিত মান বজায় রাখার ক্ষেত্রে প্রতিবন্ধক হিসেবে কাজ করে। পারিপার্শ্বিক কারণে ওভারলোড নিয়ন্ত্রণ করা এবং অবৈধ স্থাপনা উচ্ছেদ অত্যন্ত কঠিন হয়ে পড়ে। রক্ষণাবেক্ষণ খাতে প্রয়োজনীয়

বরাদ্দের অপ্রতুলতার কারণে বিদ্যমান মহাসড়কসমূহের মেরামত কাজ যথাযথভাবে বাস্তবায়ন করা সম্ভবপর হয় না। এছাড়াও মানিকগঞ্জ সড়ক বিভাগের বিভিন্ন স্তরের প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী তথা জনবল এবং প্রয়োজনীয় সরঞ্জাম ও যন্ত্রপাতির স্বল্পতার জন্য সড়ক বিভাগের কর্মকান্ডের কাংখিত ফলাফল পাওয়া যাচ্ছে না।

ভবিষ্যৎ পরিকল্পনা:

জনসাধারণের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করার লক্ষ্যে আগামী পাঁচ বছরের মধ্যে ঢাকা সড়ক বিভাগের আওতাধীন সকল শ্রেণীর মহাসড়ক ৯০ শতাংশ গুড টু ফেয়ার (Good to Fair condition) অবস্থায় উন্নীতকরণ এবং জাতীয় মহাসড়কসমূহকে পর্যায়ক্রমে ৪-লেনে উন্নীতকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। জাতীয় মহাসড়কের বিদ্যমান দুই লেন সড়ককে ন্যূনতম চারলেনে উন্নীতকরণ এবং ধীরগতিসম্পন্ন যানবাহনের জন্য অতিরিক্ত এবং পৃথক লেনের সংস্থান রেখে মহাসড়ক উন্নয়নের পরিকল্পনা নেয়া হয়েছে। অত্র সড়ক বিভাগাধীন সকল আঞ্চলিক মহাসড়কগুলোকে পর্যায়ক্রমে প্রশস্তকরণ করার পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে। জাতীয় ও আঞ্চলিক মহাসড়কের বিভিন্ন ইন্টারসেকশন, বাজার সহ গুরুত্বপূর্ণ অংশসমূহে রিজিড পেভমেন্ট ও প্রয়োজনীয় ড্রেনেজ ব্যবস্থা স্থাপনের পরিকল্পনাও অত্র সড়ক বিভাগের রয়েছে। জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়ক সমূহের জরাজীর্ণ ক্ষতিগ্রস্থ কংক্রিট সেতু ও ঝুকিপূর্ণ ষ্টীল সেতু সমূহ প্রতিস্থাপন করা হবে। সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কারিগরি প্রশিক্ষণ এবং নির্মাণ কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়েরও পরিকল্পনা আছে। আগামী ১০ বছরের মধ্যে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার ৫০% এবং সড়ক দুর্ঘটনার হার ৩৫% হ্রাস করার লক্ষ্যে বিভিন্ন ব্ল্যাকস্পট অপসারণের পরিকল্পনা সড়ক ও জনপথ অধিদপ্তরের আছে।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ৫.৯০ কি:মি: মজবুতীকরণ;
- ৪.৮০ কি:মি: পূন:নির্মাণ
- ২৪.৪৫ কি:মি: সার্ফেসিং;
- ১৩.৭০ কি:মি: সড়ক প্রশস্থকরণ ;
- ২৪৪.০০ মিটার সেতু ও কালভার্ট পুনঃ নির্মাণ
- ৩.০০ কিঃমিঃ রিজিড পেভমেন্ট নির্মাণ;
- ৫ কিঃমিঃ মহাসড়কের আন্ত:বাঁকে দৃষ্টি প্রতিবন্ধকস্থাপনা/বৃক্ষ অপসারণ
- সাইন সিগন্যাল স্থাপন ও রংকরণ এর মাধ্যমে ট্রাফিক সেফটি ব্যবস্থার উন্নয়ন;

উপক্রমণিকা (Preamble)

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশসান সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -

নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, ঢাকা সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

এবং

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক সার্কেল, ঢাকা, সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২৩ সালের জুলাই মাসের ০১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

ঢাকা সড়ক বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision),:

আধুনিক, প্রযুক্তিনির্ভর এবং টেকসই মহাসড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠা ।

১.২ অভিলক্ষ্য (Mission),:

মহাসড়ক উন্নয়ন, সম্প্রসারণ, সংস্কার ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যে একটি নিরাপদ, ব্যয়সাশ্রয়ী, মানসম্মত, এবং পরিবেশবান্ধব সড়ক নেটওয়ার্ক গড়ে তোলা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র:

১.৩.১ ঢাকা সড়ক বিভাগের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ নিশ্চতকরণ;
২. নিরাপত্তা সড়ক অবকাঠামো নিশ্চিতকরণ;
৩. প্রতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions):

১. মহাসড়ক নেটওয়ার্কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম;
২. নিরাপদ সড়ক নিশ্চিত করণ
৩. সমন্বিত দ্রুতগতি সম্পন্ন গণপরিবহন বান্ধব অবকাঠামো নির্মাণ
৪. জাতীয়, আঞ্চলিক ও জেলা সড়কসমূহের টেকসই উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম;
৫. মহাসড়ক নেটওয়ার্কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণদৃষ্টিকোণ থেকে গুরুত্বপূর্ণ মহাসড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম
৬. গুরুত্বপূর্ণ মহাসড়ক আন্তর্জাতিক মানে উন্নীতকরণ কার্যক্রম;

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদন ক্ষেত্র	ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪					প্রক্ষেপন ২০২৪-২০২৫
							২০২১-২০২২	২০২২-২০২৩	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	
									১০০.০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
১. মহাসড়ক নেটওর্য়াকের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণ:	৫৮	[১.২] মহাসড়ক নির্মাণ/ পূন:নির্মাণ	১.২.১ পুন:নির্মাণ মহাসড়ক											
			উন্নয়ন খাত / রক্ষণাবেক্ষণ খাত	সমষ্টি	কিলোমিটার	৯			৪.৮০	৪.৩২	৩.৮৪	৩.৩৬	২.৮৮	২.০০
		[১.৩] মহাসড়ক মজবুতিকরণ	১.৩.১ মজবুতিকরণকৃত সড়ক											
			উন্নয়ন খাত / রক্ষণাবেক্ষণ খাত	সমষ্টি	কিলোমিটার	১০			৫.৯০	৫.৩১	৪.৭২	৪.০৬	৩.৪৮	৩.০০
		[১.৪] মহাসড়ক প্রশস্তকরণ	১.৩.১ প্রশস্তকরণকৃত সড়ক											
			উন্নয়ন খাত / রক্ষণাবেক্ষণ খাত	সমষ্টি	কিলোমিটার	১০			১৩.৭০	১৩.০০	১২.০০	১১.০০	১০.০০	১০.০০
		[১.৫] মহাসড়ক সার্ফেসিং	১.৫.১ সার্ফেসিংকৃত মহাসড়ক											
			উন্নয়ন খাত / রক্ষণাবেক্ষণ খাত	সমষ্টি	কিলোমিটার	১৫			২৪.৪৫	২২.০০	১৯.৫৬	১৭.১১	১৪.৬৭	৩২.০০
		[১.৬] মহাসড়কে রিজিড পেভমেন্ট নির্মাণ	১.৬.১ রিজিড পেভমেন্টকৃত মহাসড়ক											
			উন্নয়ন খাত / রক্ষণাবেক্ষণ খাত	সমষ্টি	কিলোমিটার	৪			৩.০০	২.৭০	২.৪০	২.১০	১.৮০	২.০০
		[১.৯] সেতু ও কালভার্ট নির্মাণ/ পূণ:নির্মাণ	১.৯.১ নির্মিত সেতু ও কালকার্ট											
			উন্নয়ন খাত / রক্ষণাবেক্ষণ খাত	সমষ্টি	মিটার	৫			২৪৪.০০	২১৯.৬০	১৯৫.২০	১৭০.৮০	১৪৬.৪০	২১০.০০

কর্মসম্পাদন ক্ষেত্র	ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪					প্রক্ষেপন ২০২৪-২০২৫
							২০২১-২০২২	২০২২-২০২৩	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	
									১০০.০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
			১.৯.২ পুন:নির্মিত সেতু ও কালভার্ট											
			উন্নয়ন খাত / রক্ষণাবেক্ষণ খাত	সমষ্টি	মিটার	৫			২৩৮.০০	২১৪.২০	১৯০.৪০	১৬৬.৬০	১৪২.৮০	১৮০.০০
২. নিরাপত্তা সড়ক অবকাঠামো নিশ্চিতকরণ	৯	[২.১] ব্লাক স্পট চিহ্নিতকরণ এবং প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ	২.১.১ ইনফরমেটরি ও রেগুলেটরি সাইন-সিগন্যাল কি:মি: পো:											
			উন্নয়ন খাত / রক্ষণাবেক্ষণ খাত	সমষ্টি	সংখ্যা	৩			৭০.০০	৬৩.০০	৫৬.০০	৪৯.০০	৪২.০০	২২০.০০
			২.১.২ রোড মার্কিংকৃত মহাসড়ক											
			উন্নয়ন খাত / রক্ষণাবেক্ষণ খাত	সমষ্টি	কি:মি:	৩			২৮.০০	২৫.২০	২২.৪০	১৯.৬০	১৬.৮০	২৫.০০
			২.১.৩ মহাসড়কের আন্ত:বাঁকে দৃষ্টিপ্রতিবন্ধকস্থাপনা/বৃক্ষ অপসারণ	সমষ্টি	কি:মি:	১			৫.০০	৪.৫০	৪.০০	৩.৫০	৩.০০	৮.০০
		[২.২] মহাসড়ক অবৈধ দখলমুক্ত করণ	২.২.১ মহাসড়ক সমূহকে অবৈধ দখলমুক্ত করণের লক্ষ্যে অভিযান পরিচালনার মাধ্যমে উদ্ধারকৃত ভূমির পরিমান (হেক্টর)	সমষ্টি	হেক্টর	২			১.০০	০.৯০	০.৮০	০.৭০	০.৬০	১.৫০
৪. অনুষ্ঠিত গণশুনানী সংখ্যা	৩	৪.১ অনুষ্ঠিত গণশুনানী সংখ্যা	৪.৪.১ অনুষ্ঠিত গণশুনানী সংখ্যা	সমষ্টি	সংখ্যা	১								
			মুজিব বর্ষ এর লক্ষ্যমাত্রা আনুযায়ী জনহিতকর কাজ	সমষ্টি	সংখ্যা	১								

কর্মসম্পাদন ক্ষেত্র	ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২০২৪					প্রক্ষেপন ২০২৪-২০২৫
							২০২১-২০২২	২০২২-২০২৩	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে	
									১০০.০০%	৯০.০০%	৮০.০০%	৭০.০০%	৬০.০০%	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
			[৪.৫.৩] মহাসড়কের গুরুত্বপূর্ন স্থানে জনহিতকর ও সচেতনতার জন্য বিভিন্ন প্রচারনামূলক কার্যক্রম গৃহীত	সমষ্টি	স্থান	১								
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তাবায়ন জোরদারকরণ	৩০	১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন				১০								
		২) ই-গভর্ন্যাস / উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন				১০								
		৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন				৩								
		৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন				৪								
		৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন				৩								

আমি, নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, ঢাকা, সড়ক ও জনপথ অধিদপ্তর হিসেবে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক সার্কেল, ঢাকা, সড়ক ও জনপথ অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, ঢাকা, সড়ক ও জনপথ অধিদপ্তর হিসেবে নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, ঢাকা, সড়ক ও জনপথ অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

ড. মোহাম্মদ আহাদ উল্লাহ
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ঢাকা

তারিখ ১৪।০৬।২৩

মুহাম্মদ সাইফউদ্দিন
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ
ঢাকা সড়ক সার্কেল, ঢাকা।

তারিখ ১৫.০৬.২৩

সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

BUET:	Bangladesh University of Engineering & Technology
LOC :	Line of Credit
ডিপিপি :	ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল
এডিপি :	এ্যানুয়াল ডেভলাপমেন্ট প্রোগ্রাম
SMVT:	Slow Moving Vehicular Traffic

সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	লক্ষমাত্রা অর্জনের প্রমাণক	সাধারণ মন্তব্য
১.২ মহাসড়ক নির্মাণ/ পুনঃনির্মাণ	১.২.১ পুন:নির্মিত মহাসড়ক	বিদ্যামান পেভমেন্ট সম্পূর্ণরূপে অপসারণ করে নতুন ডিজাইন (অধিক পুরুত্ব) অনুযায়ী পুনঃনির্মাণ।	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	
১.৩ মহাসড়ক মজবুতিকরণ	১.৩.১ মজবুতিকরণকৃত মহাসড়ক	সড়ক পেভমেন্ট এর উপরিভাগের এক বা একাধিক ক্ষতিগ্রস্থ ও দুর্বল স্তরকে (সার্ফেসিং ব্যতীত) নতুন করে নির্মাণ করা।	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	
১.৪ মহাসড়ক প্রশস্তকরণ	১.৪.১ প্রশস্তকরণকৃত মহাসড়ক	বিদ্যমান পেভমেন্ট এর একদিকে বা উভয়দিকে নতুন ডিজাইন অনুযায়ী পেভমেন্ট নির্মাণ।	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	
১.৫ মহাসড়ক সার্ফেসিং	১.৫.১ সার্ফেসিংকৃত মহাসড়ক	পেভমেন্ট এর বিটুমিনাস অংশ সংস্কার ও পুনঃনির্মাণ করা।	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	
১.৬ মহাসড়কে রিজিড পেভমেন্ট নির্মাণ	১.৬.১ নির্মিত রিজিড পেভমেন্ট	মহাসড়কের বাজার ও সম্ভাব্য জলাবদ্ধ অংশে রিজিড পেভমেন্ট নির্মাণ।	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	
১.৯ সেতু ও কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ	১.৯.২ পুন:নির্মিত সেতু ও কালভার্ট	ক্ষতিগ্রস্থ বিদ্যমান সেতু ও কালভার্ট অপসারণ করে পুনঃনির্মাণ	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	
২.১ ব্লাকস্পট চিহ্নিতকরণ এবং প্রতিকারমুলক ব্যবস্থা গ্রহন	২.১.১ ইনফরমেটরি ও রেগুলেটরি সাইন-সিগন্যাল কি:মি: পো:	সড়ক নিরাপত্তা নিশ্চিতকরার লক্ষ্যে দুর্ঘটনাপ্রবন স্থানে প্রয়োজনীয় সাইন-সিগন্যাল স্থাপন	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	
	২.১.২ রোড মার্কিংকৃত মহাসড়ক	সড়ক নিরাপত্তা নিশ্চিত করণ ও সড়কের সৌন্দয বৃদ্ধির লক্ষে সড়ক পেভমেন্টে রং করণ।	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	
	২.১.৩ মহাসড়কের আন্তঃবাঁকে দৃষ্টি প্রতিবন্ধক স্থাপনা / বৃক্ষ অপসারণ	সড়ক নিরাপত্তা নিশ্চিত করণ ও সড়কে সাইট ডিসটেন্স বৃদ্ধির লক্ষে প্রতিবন্ধক অপসারণ।	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	
২.২ মহাসড়ক সমূহকে অবৈধ দখলমুক্ত করণ	২.২.১ মহাসড়ক সমূহকে অবৈধ দখলমুক্ত করণের লক্ষ্যে অভিযান পরিচালনার মাধ্যমে উদ্ধারকৃত ভূমির পরিমান (হেক্টর)পরিচালনার মাধ্যমে উদ্ধারকৃত ভূমির পরিমান (হেক্টর)	উচ্ছেদ অভিযান পরিচালনা করণ।	ঢাকা সড়ক বিভাগ	স্থির চিত্র	

সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের চাহিদা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসন	ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসন	১.১.১ অধিগ্রহণকৃত ভুমি	ভুমি অধিগ্রহণ সংক্রান্ত কাজের প্রশাসনিক অনুমোদন ও প্রাক্কলন প্রণয়নসহ সংশ্লিষ্ট কার্য সম্পাদন।	সরকারি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ক্ষেত্রে জেলা প্রশাসন ভুমি মন্ত্রণালয়ের সহযোগিতায় ভুমি অধিগ্রহণ করবেন।	ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসন ভুমি অধিগ্রহণের জন্য দায়িত্বপ্রাপ্ত।	কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন বিঘ্নিত হতে পারে
জেলা প্রশাসন ও বাংলাদেশ পুলিশ	জেলা প্রশাসন ও বাংলাদেশ পুলিশ	৪.১.১ স্থাপিত এক্সেল-লোড কন্ট্রোল স্টেশন	এক্সেল লোড কন্ট্রোল স্টেশন স্থাপনে স্থানীয়ভাবে প্রশাসনিক সহযোগিতা প্রদান	জেলা প্রশাসন ও বাংলাদেশ পুলিশ দেশের প্রশাসন ও আইন শৃঙ্খলা রক্ষায় দায়িত্বপ্রাপ্ত	স্থানীয় উদ্ভুত সমস্যা সমাধানে সহযোগিতা করবেন	সংশ্লিষ্ট কর্ম সম্পাদন ব্যাহত হতে পারে
জেলা প্রশাসন, বাংলাদেশ পুলিশ ও BRTA	জেলা প্রশাসন, বাংলাদেশ পুলিশ ও BRTA	৭.১.১ ঝুকি হ্রাসকৃত স্পট	দুর্ঘটনা হ্রাসে ব্লাকস্পটসমূহে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত কাজে স্থানীয়ভাবে প্রশাসনিক ও ট্রাফিক ব্যবস্থাপনায় সহায়তা করা	জেলা প্রশাসন, বাংলাদেশ পুলিশ ও BRTA দেশের প্রশাসন ও আইন শৃঙ্খলা রক্ষায় দায়িত্বপ্রাপ্ত	স্থানীয় উদ্ভুত সমস্যা সমাধানে সহযোগিতা করবেন	সংশ্লিষ্ট কর্ম সম্পাদন ব্যাহত হতে পারে